জীবন বীমা কর্পোরেশন
প্রশাসন ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

স্মরক নং-৫৩.১৯.৯০০১.০১০.০০.০০৪.২৩-২৪০ তারিখ: ২৬/১২/২০২৩খ্রি:

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (RTI) কমিটির ২য় সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন (RTI) কমিটির ২য় সভা কমিটির আহবায়ক এর অফিস কক্ষে আগামী ২৮/১২/২০২৩ তারিখ বৃহস্পতিবার, বিকাল ৩.০০টার সময় অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন কমিটির আহবায়ক, জেনারেল ম্যানেজার-গ্রুপ ডিভিশন জনাব মোহাম্মদ আবু কাউছার জলিল।

সভায় কমিটির সকল সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার বিনীত অনুরোধ করছি।

২৬/১২/২৩

(মোঃ মিজানুর রহমান)
ম্যানেজার-পিআরডি
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
প্রধান কার্যালয়, ঢাকা।

বিতরণঃ

১. জেনারেল ম্যানেজার- গ্রুপ ও আহবায়ক।
২. সহকারী জেনারেল ম্যানেজার- ই.ই ও সদস্য।
৩. ম্যানেজার- কেন্দ্রীয় হিসাব ও সদস্য।
৪. ম্যানেজার- প্রশিক্ষণ ও সদস্য।
৫. সংশ্লিষ্ট,নথি।

**জীবন বীমা কর্পোরেশন**

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ : ১৩ পৌষ ১৪৩০ / ২৮ ডিসেম্বর ২০২৩

**স্মারক নম্বর:৫৩.১৯.৯০০১.০১০.০০.০০৪.২০২৩-**

**বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির এর ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ আবু কাউছার জলিল, জেনারেল ম্যানেজার (চঃদা) -গ্রুপ, জেবিসি। |
| স্থান | : কমিটির আহবায়কের অফিস কক্ষ (প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন, ঢাকা)। |
| তারিখ ও সময় | : ২৮-১২-২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ টা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক'। |

**২.০** সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর নির্দেশনা অনুযায়ী তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর খ্রি:) অগ্রগতি প্রতিবেদন ১১ জানুয়ারী ২০২৪ এর মধ্যে প্রেরণ করা প্রয়োজন। এ পরিকল্পনার অধীনে বিভিন্ন কার্যক্রম এবং সংশ্লিষ্ট কর্মসম্পাদনের নির্ধারিত সূচকসমূহ,যথা-নির্ধারিত সময়ে তথ্য প্রদান, ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরী, প্রচার কার্যক্রম ও প্রশিক্ষণ আয়োজন ৩১-১২-২০২৩ খ্রি: তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আকারে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করেছেন। কমিটি পর্যায়ক্রমে সূচকসমূহের অগ্রগতি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে।

## সিদ্ধান্তসমূহ:

৩.০

| ক্রমিক | বিষয়বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ১) | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | যাচিত সময়ে দেশের কোন নাগরিকের নিকট হতে এ সংক্রান্ত বিষয়ে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া যায় নি। পাওয়া গেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মিজানুর রহমান, ম্যানেজার-পিআরডি এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুল হক, সহকারী জেনারেল ম্যানেজার-ই.ই নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>**সিদ্ধান্ত:** দেশের কোন নাগরিকের নিকট হতে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া গেলে নিষ্পত্তি সম্পর্কিত তথ্য প্রতিবেদন এবং কোন আবেদন পাওয়া না গেলে শূণ্য প্রতিবেদন এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং জনসংযোগ বিভাগ |
| ২) | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | এ সংক্রান্ত বিষয়ে সভা অবহিত হয় জীবন বীমা কর্পোরেশনের বিভিন্ন বিভাগের চাহিদাপত্র অনুযায়ী আইসিটি ডিভিশন হতে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা অব্যাহত আছে।<br>**সিদ্ধান্ত:** এ বিষয়ে আইসিটি ডিভিশনের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য (যদি থাকে) হালনাগাদ করে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত ওয়েবসাইটে প্রকাশ করে অচিরেই তা অক্টোবর-ডিসেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় ববাবরে প্রেরণ করতে হবে। | আইসিটি ডিভিশন এবং প্রশাসন ডিভিশন |
| ৩) | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | কর্পোরেশনের ২০২১ সনের বার্ষিক প্রতিবেদন গত ১৩-০১-২০২২ খ্রি: তারিখে অনুমোদনের পর গত ১৫-০২-২০২২ খ্রি: তারিখে কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। কমিটি আরো অবহিত হয় যে, ২০২২ সনের বার্ষিক হিসাব কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন ২০২১ সনের প্রকাশিত চূড়ান্ত বার্ষিক প্রতিবেদনটি কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করবে এবং উহার স্ক্রীনশট সংগ্রহ করে এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। এ ছাড়া ২০২২ সনের বার্ষিক হিসাব কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে উহা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ এবং ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করতে হবে। | হিসাব ও অর্থ ডিভিশন এবং আইসিটি ডিভিশন |

| | | | |
|---|---|---|---|
| ৪) | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | কমিটি অবগত হয় কর্পোরেশনের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করে হালনাগাদকরা হয়েছে। কমিটি তালিকাটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করে এবং তালিকাটি কর্পোরেশনেরওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশের ব্যবস্থাকরা যায়।<br>**সিদ্ধান্ত:** চুড়ান্তভাবে প্রস্তুতকৃত তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ আইসিটি ডিভিশন হতে কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করে তথ্যের স্ক্রীনশট সংগ্রহ করে এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | জনসংযোগ বিভাগ, প্রশাসন ডিভিশন এবং আইসিটি ডিভিশন |
| ৫) | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের বিষয়ে সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণকল্পে কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করা হয়েছে। এছাড়াও পত্র পত্রিকায় বিজ্ঞাপন ও প্রেস রিলিজ প্রকাশসহ লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অন্যান্য কর্মসূচি আরো বৃদ্ধি করা প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা হয়।<br>**সিদ্ধান্ত:** জনসংযোগ বিভাগ হতে লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণসহ ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর খ্রি:) মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | প্রশাসন ডিভিশনের জনসংযোগ বিভাগ, প্রশিক্ষণ বিভাগ ও সংস্থাপন বিভাগ এবং আইসিটি ডিভিশন |
| ৬) | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তাদের জন্য তথ্য অধিকার বিষয়ে ইতিমধ্যে সম্পাদিত প্রশিক্ষণ কোর্স ৩১-১২-২০২৩ খ্রি: তারিখের মধ্যে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের যাবতীয় তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করতে হবে।<br>**সিদ্ধান্ত:** প্রশিক্ষণ বিভাগ হতে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর খ্রি:) মাসের প্রশিক্ষণ প্রতিবেদন সংগ্রহ করে সকল তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ এবং উহার স্ক্রীনশট এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | প্রশিক্ষণ বিভাগ এবং আইসিটি ডিভিশন |

৪.০ কমিটির আহবায়ক মহোদয় ২০২৩-২০২৪ অর্থবছরের বাষিক কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ঠ সময়ের মধ্যে কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২৩

মোহাম্মদ আবু কাউছার জলিল,
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)-গ্রুপ
ও
আহবায়ক-তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০১০.০০.০০৪.২০২৩-

**তারিখ :** ১৩ পৌষ ১৪৩০ / ২৮ ডিসেম্বর ২০২৩

**বিতরণ:**

০১। জেনারেল ম্যানেজার (চঃদাঃ)-গ্রুপ প্রধান কার্যালয়, ঢাকা। — আহবায়ক
০২। সহকারী জেনারেল ম্যানেজার-ই/ই, প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য
০৩। ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। — সদস্য
০৪। ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম। — সদস্য
০৫। ম্যানেজার-জনসংযোগ , প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য সচিব

২৮/১২/২৩

(মোঃ মিজানুর রহমান)
ম্যানেজার-পিআরডি
এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

**প্রতিলিপি:**

০১। **জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি।**
০২। পিএস টু এমডি; ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সংশ্লিষ্ট নথি।
০৪। মহানথি।

জীবন বীমা কর্পোরেশন
প্রশাসন ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর বাস্তবায়নে তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২য় (অক্টোবর-ডিসেম্বর-২০২৩) সভার উপস্থিতির তালিকা।

সভাপতি: জনাব মোহাম্মদ আবু কাউছার জলিল-জেনারেল ম্যানেজার,গ্রুপ ডিভিশন, জীবন বীমা কর্পোরেশন।
তারিখ : ২৮/১২/২০২৩ তারিখ বৃহস্পতিবার।
স্থান : জেনারেল ম্যানেজার, গ্রুপ ডিভিশন, এর অফিস কক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আবু কাউছার জলিল<br>জেনারেল ম্যানেজার-গ্রুপ ডিভিশন | আহবায়ক | |
| ০২ | জনাব শুভাশীষ কর্মকার শুভ<br>সিনিয়র প্রোগ্রামার-আইসিটি | সদস্য | |
| ০৩ | জনাব শাহ মোঃ কামরুজ্জামান<br>ম্যানেজার- কেন্দ্রীয় হিসাব | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ মাসুদুর রহমান<br>ম্যানেজার- প্রশিক্ষণ ও প্রশাসন | সদস্য | |
| ০৫ | মোঃ মিজানুর রহমান<br>ম্যানেজার- পিআরডি<br>সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য সচিব | |